# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৮৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

اَلْفصْلُ الثَّنِفْ (بَابُ الْعَلَامَات بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

আরবী

وَعَن أَسمَاء بنت يزِيد بن السَّكن قَالَتْ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَمْكُثُ الدَّجَّالُ فِي الْأَرْضِ أَرْبَعِينَ سَنَةً السَّنَةُ كَالشَّهْرِ وَالشَّهْرُ كَالْجُمُعَةِ وَالْجُمُعَةُ كَالْيَوْمِ وَالْيَوْمُ كَاضْطِرَامِ السَّعَفَةِ فِي النَّارِ» . رَوَاهُ فِي «شَرْحِ السُّنَّةِ»

اسناده حسن ، رواه البغوی فی شرح السنة (15 / 62 ح 4264) [و احمد (6 / 454 ح 28123 ، 6 / 459 ح 28152)] ۔

(صَحِيح)

বাংলা

৫৪৮৯-[২৬] আসমা বিনতু ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) বলেছেন: দাজ্জাল চল্লিশ বছর জমিনে থাকবে। এর বছর হবে মাসের মতো, মাস হবে সপ্তাহের মতো এবং সপ্তাহ হবে এক দিনের মতো। আর দিন হবে খেজুরের একটি শুকনা ডাল আগুনে পুড়ে নিঃশেষ হওয়ার সময়ের মতো। (শারহুস্ সুন্নাহ্)

ফুটনোট

সহীহ: শারহুস্ সুন্নাহ ৩/৬০৪, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৮২২, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ১৫৮২, মুসনাদে আহমাদ ২৭৬১২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَمْكُثُ الدَّجَّالُ فِي الْأَرْضِ أَرْبَعِينَ سَنَةً)দাজ্জাল পৃথিবীতে ৪০ বছর অবস্থান করবে। ইতোপূর্বে হাদীসে

বর্ণিত হয়েছে, দাজ্জাল ৪০ দিন অবস্থান করবে। অতএব উভয় হাদীসের মধ্যে সমন্বয় হবে অবস্থা ও পরিমাণে তারতম্যের মাধ্যমে যেমনটি অত্র হাদীসে ইঙ্গিত বহন করছে। একটি বছর একটি মাসের মতো দ্রুত শেষ হয়ে যাবে। মাস একটি জুমু'আর মতো তথা সপ্তাহের মত মনে হবে। আর সপ্তাহ দিনের মতো মনে হবে। আর দিন এত দ্রুত শেষ হবে যেমন একটি খেজুর গাছের ডাল আগুনে পুড়তে যতটুকু সময় লাগে ততটুকু সময় মনে হবে, তথা একটি দিন একটি ঘণ্টার ন্যায় দ্রুত শেষ হবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আসমা বিনতু ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85467

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন